গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
নগরজালফৈ, টাঙ্গাইল।
www.youth.tangail.gov.bd

নম্বর: ৩৪.০১.৯৩০০.০০০.৩৮.০২২(অংশ-৫).২৪- ৬৯৬

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

## "ভর্তি বিজ্ঞপ্তি"

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজসনর জন্য যুব উন্নয়ন অধিদপ্তর টাঙ্গাইল জেলা কার্যালয়াধীন নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম নাম | কোর্সফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)<br>মেয়াদ: ৬ মাস (০১ জুলাই২০২৬ হতে ৩১ডিসেম্বর ২০২৬ খ্রি.), আসন সংখ্যা : ৫০ | ১০০০/= | এইচ,এস, সি বা সমমানের পাস | ২৯-০৬-২০২৬<br>সকাল: ১০.০০<br>জেলা কার্যালয় |
| ২ | ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)<br>০৬মাস (০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর,২০২৬), আসন সংখ্যা : ২৪ | ৩০০/= | ৮ম শ্রেণী পাস | ২৮-০৬-২০২৬<br>বেলা: ২.০০<br>জেলা কার্যালয় |
| ৩ | ইলেকট্রনিক্স (অনাবাসিক)<br>০৬মাস (০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর,২০২৬), আসন সংখ্যা : ২৪ | ৩০০/= | ৮ম শ্রেণী পাস | ২৮-০৬-২০২৬<br>সকাল: ১০.০০<br>জেলা কার্যালয় |
| ৪ | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)<br>০৬মাস (০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর,২০২৬), আসন সংখ্যা : ২৪ | ৩০০/= | ৮ম শ্রেণী পাস | ২৮-০৬-২০২৬<br>বেলা: ১২.০০<br>জেলা কার্যালয় |
| ৫ | মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপলিকেশন (অনাবাসিক)<br>০৬মাস (০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর,২০২৬), আসন সংখ্যা : ৪০ | ৫০০/= | এইচ,এস, সি বা সমমানের পাস | ৩০-০৬-২০২৬<br>সকাল: ১০.০০<br>জেলা কার্যালয় |
| ৬ | " গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক)<br>০৩মাস (০১ জুলাই ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর,২০২৬), আসন সংখ্যা : ৫০ | ১০০/=<br>(জামানত ১০০/= ফেরত যোগ্য) | ৮ম শ্রেণী পাস | ৩০-০৬-২০২৬<br>সকাল: ১০.০০<br>জেলা কার্যালয় |

## দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

১ বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ জুন ২০২৬খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জুলাই ২০২৬খ্রি.।

২ বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৩ যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

৪ সকল জেলা/উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https://ytms.gov.bd লিংকে গিয়ে আবেদন করতে হবে।

৫ আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬ চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্ধ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। ঢাকা বিভাগের প্রশিক্ষণার্থীদের রকেটের মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর রকেট একাউন্ট থাকতে হবে।

৭ দূরবর্তীস্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।

৮ আবেদনপত্রের সাথে : (ক) শিক্ষাগতযোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র/ অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিষনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংগে আনতে হবে।

৯ দলিত (সুইপার,ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোঠা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোঠা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠিভূক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

১০ সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

১১ ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২ ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষনিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

১৩ আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

## প্রশিক্ষণের শর্তাবলীঃ

১ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

২ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

৩ প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

৪ প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্য বিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

৫ তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/স্ব শরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভিক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

৬ সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারী বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।

৭ ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

## প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল।
- ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাঙ্গাইল।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)

ফাতেমা বেগম
উপপরিচালক
ফোন:-০২-৯৯৭৭৫৩২৩৭
ই-মেইল: ddtangail@dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.৯৩০০.০০০.৩৮.০২২(অংশ-৫).২৪-৩৯৮

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রশাসক, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৩। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /উপ পরিচালক সমাজসেবা অধিদপ্তর/উপ পরিচাল্ক মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল)টাঙ্গাইল।
০৬। প্রশাসক, উপজেলা পরিষদ,............................................................................................(সকল), টাঙ্গাইল।
০৭। উপজেলা নির্বাহী অফিসার , ............................................................................................ (সকল), টাঙ্গাইল।
০৮। উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা / সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর..........................(সকল), টাঙ্গাইল।

বিতরণ :
০১। সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক,যুব উন্নয়ন অধিদপ্তর.................................(সংশ্লিষ্ট ট্রেড), টাঙ্গাইল।
০২। সভাপতি /সম্পাদক ------------------------------------------------------------------------------------------------ টাঙ্গাইল।
০৩। নোটিশ বোর্ড।
০৪। অফিস নথি।

রথীন্দ্র নাথ চক্রবর্তী
সহকারী পরিচালক
ফোন:-০২-৯৯৭৭৫৩২৩৯